

মাধ্যমিক ও কারিগরি শিক্ষায় ব্যাপক পরিবর্তনের চিন্তা করছে সরকার : দীপু মনি

নিউজ আপলোড : ঢাকা , রোববার, ১৬ জুন ২০১৯

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী ডা. দীপু মান বলেছেন, ‘ভাবষ্যৎ সব সময়ই অনিশ্চিত। এটি এক ধরনের চ্যালেঞ্জ। দেশ ও বিদেশের শ্রম বাজারের ক্ষেত্রেও এই চ্যালেঞ্জ প্রযোজ্য। দেশ-বিদেশে শ্রম বাজারে ভবিষ্যতে কী ধরনের পরিবর্তন হবে তা আমাদের গবেষণা করতে হবে। সে অনুযায়ী আমাদের শিক্ষাব্যবস্থা গড়ে তুলতে হবে। এই লক্ষ্য নিয়ে মাধ্যমিক ও কারিগরি শিক্ষায় ব্যাপক পরিবর্তনের চিন্তা করছে সরকার।’

তিনি ১৬ জুন রোববার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা বিভাগের ক্ষিল অ্যান্ড এনহ্যান্টসমেন্ট প্রজেক্টের (STEP) আওতায় কারিগরি শিক্ষার্থীদের মেধা ও উদ্ভাবনী শক্তি বিকাশের জনপ্রিয় প্রতিযোগিতা ক্ষিলস কম্পিউটিশন ২০১৮-এর চূড়ান্ত পর্বের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বকৃততায় এ কথা বলেন।

কারিগরি ও মাদ্রাসা বিভাগের অতিরিক্ত সচিব একেএম জাকির হোসেন ভুঁইয়ারু সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব মো. আলমগীর, কারিগরি অধিদফতরের মহাপরিচালক রওনক মাহমুদ। স্টেপ প্রকল্পের প্রকল্প পরিচালক এবিএম আজাদ প্রমুখ।

জানা গেছে, ক্ষিল কম্পিউটিশনে ১৬২টি সরকারি-বেসরকারি পলিটেকনিক ইনসিটিউট প্রায় ২৫০০টি প্রজেক্ট জুমা দেয়। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদফতরের আওতায় বাস্তবায়নাধীন ক্ষিলস অ্যান্ড ট্রেনিং এনহ্যান্টসমেন্ট প্রজেক্ট ২০১৪ সাল থেকে সরকারি-বেসরকারি পলিটেকনিক ইনসিটিউটের ডিপ্লেমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষার্থীদের মেধা ও উদ্ভাবনী শক্তি বিকাশের লক্ষ্যে ক্ষিলস কম্পিউটিশন আয়োজন করে আসছে।

